

## দাবি বাস্তবায়ন চেয়ে মানববন্ধনে সাত কলেজের শিক্ষার্থীরা

নিজস্ব প্রতিবেদক

৭ জুলাই ২০১৯ ০০:০০ | আপডেট: ৭ জুলাই ২০১৯ ০০:০৬



দাবি বাস্তবায়ন  
**আমাদের সময়**

আশ্বাস দেওয়ার পরও ৫ দফা দাবি পুরোপুরি কার্যকর না হওয়ার প্রতিবাদে মানববন্ধন করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সাত কলেজের শিক্ষার্থীরা। গতকাল জাতীয় প্রেসক্লাবের সামনে করা মানববন্ধনে শিক্ষার্থীরা অভিযোগ করে বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) অধিভুক্ত হওয়ার পর থেকেই তাদের সাত কলেজে নেমে আসে কালো অধ্যায়। ৯ মাস কলেজগুলোর কার্যক্রম বন্ধ থাকার পর মানববন্ধন ও অনশনে নামতে হয় তাদের। পরে ঢাকা বিশ্ববিদ্যালয় ধীরগতিতে কার্যক্রম শুরু করে। কিছু দিন পর আবার আগের অবস্থায় ফিরে যায়। এ অবস্থায় ৫ দফা দাবিতে গত ২৩ ও ২৪ এপ্রিল আন্দোলনে নামেন তারা। তখন ঢাবি কর্তৃপক্ষ সেগুলো দ্রুত বাস্তবায়নের আশ্বাস দেয়। আন্দোলন স্থগিত করে ক্লাসে ফিরে যান তারা। কিন্তু দাবিগুলো কার্যকর করা হচ্ছে না। শিক্ষার্থীরা প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেন।

মানববন্ধন থেকে বলা হয়, আগামীকাল ৮ জুলাই ঢাকা কলেজের মূল ফটক থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মুক্তি ও গণতন্ত্র তোরণ পর্যন্ত বিক্ষোভ মিছিল করা হবে। ঢাবির উপাচার্য বরাবর স্মারকলিপি দেওয়া হবে। এর পর পরবর্তী কর্মসূচি ঘোষণা করা হবে। শিক্ষার্থীদের ৫ দফা দাবির মধ্যে রয়েছে ৯০ দিনের মধ্যে সব বিভাগের ঐতিমুক্ত ফল একসঙ্গে প্রকাশ করা।

গণহারে অকৃতকার্য হওয়ার কারণ প্রকাশসহ খাতা পুনর্মূল্যায়ন করা এবং সেশনজট নিরসনে অ্যাকাডেমিক ক্যালেন্ডার প্রকাশ করা। advertisement